বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০১৯ সালের ৩য় প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : ড. এম আসলাম আলম
রেক্টর (সিনিয়র সচিব)

সভার তারিখ : ২৫ মার্চ ২০১৯

সভার সময় : বেলা ০২:৩০ টা

স্থান : রেক্টরস্ কনফারেন্স রুম (আইটিসি, কক্ষ নং-১০৯)

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সকলকে স্বাগত জানানো হয়। গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ভিত্তিক আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনঃ	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	গত ২৫.০২.২০১৯ তারিখে অনুষ্ঠিত ২য় প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/ মতামত থাকলে তা উত্থাপনের অনুরোধ জানানো হয়।	গত ২৫.০২.২০১৯ তারিখে অনুষ্ঠিত ২য় প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না-থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
২	প্রবিধানমালা সংশোধন	প্রবিধানমালা সংশোধন কার্যক্রম অব্যাহত আছে। কমিটি কর্তৃক প্রণীত প্রবিধানমালার বিধি অংশ ব্যাপক পরিমার্জন প্রয়োজন। প্রবিধানমালার তফসিল পিএটিপি-২০০৩ এর আলোকে কর্মকর্তা/কর্মচারীদের সরাসরি ও পদোন্নতির বিষয়াদি পরিমার্জন করা হয়েছে। এছাড়াও এ বিষয়ে ২৪.০৩.২০১৯ খ্রি. তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে আলোচনা হয়।	অর্গানোগ্রামের খসড়া চূড়ান্ত হওয়ার পর যেসকল পদের দু'টি স্কেল রয়েছে সেগুলো একটি স্কেলে রূপান্তর এবং পদসমূহের ফিডার পদ ঠিক করে দ্রুততার সাথে প্রবিধানমালার খসড়া চূড়ান্ত করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (আরএন্ডসি)/ পরিচালক (প্রশাসন)
৩	অর্গানোগ্রাম হালনাগাদকরণ	অনুমোদিত জনবল সঠিক রেখে অর্গানোগ্রাম প্রণয়নের কাজ সম্পন্ন হয়েছে। অর্গানোগ্রাম রেক্টর মহোদয়ের অনুমোদনের জন্য শীঘ্রই সার-সংক্ষেপ পেশ করার বিষয়ে আলোচনা হয়।	অর্গানোগ্রাম-এর খসড়া রেক্টর মহোদয়ের অনুমোদনের জন্য সার-সংক্ষেপ শীঘ্রই উপস্থাপন করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (আরএন্ডসি)/ পরিচালক (প্রশাসন)

৪	নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি	উপপরিচালক (অর্থ) জানান- গত ১৭.১২.২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় মোট ২০টি অডিট আপত্তির মধ্যে নিষ্পত্তির সুপারিশকৃত ১৭টি আপত্তি চূড়ান্ত নিষ্পত্তির লক্ষ্যে যোগাযোগ অব্যাহত আছে।	সুপারিশকৃত/অনিষ্পন্ন ১৭টি ও পূর্বে সুপারিশকৃত সকল অডিট আপত্তি চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে: উপপরিচালক (অর্থ)
৫	বকেয়া কোর্স ফি আদায়	উপপরিচালক (অর্থ) সভায় অবহিত করেন যে- গত ২০০৭-২০০৮ ও ২০১০-২০১১ হতে ২০১৬-২০১৭ পর্যন্ত বকেয়া কোর্স ফি মোট ৪,৩৯,০০০/- (চার লক্ষ উনচল্লিশ হাজার) টাকার মধ্যে কোন বকেয়া আদায় হয়নি। এছাড়াও ২০১৭-২০১৮ অর্থ বছরে বকেয়া কোর্স ফি মোট ১২,১৪,৫০০/- (বারো লক্ষ চৌদ্দ হাজার পাঁচশত) টাকার মধ্যে আদায় হয়েছে ৬০,৫০০/- টাকা অবশিষ্ট ১১,৫৪,০০০/- (এগারো লক্ষ চুয়ান্ন হাজার) টাকা বকেয়া রয়েছে। যে সকল ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট বকেয়া কোর্স ফি পাওনা আছে তাদের সাথে সরাসরি যোগাযোগ করে বকেয়া কোর্স ফি আদায় কার্যক্রম জোরদার করার বিষয়ে সভায় আলোচনা হয়।	নতুন এবং পুরাতন বকেয়া কোর্স ফি আদায়ের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে ই-নথি/সরাসরি ফোনালাপ/ডেসপ্যাচ রাইডার প্রেরণ করে বকেয়া কোর্স ফি আদায় করতে হবে। বাস্তবায়নে: উপপরিচালক (পিপিআর/অর্থ)
৬	ই-নথি কার্যক্রম	ক) ই-নথি কার্যক্রম অব্যাহত আছে। ১-২০ মার্চ ২০১৯ সময়ে ৪৩টি পত্র জারী করা হয়েছে। ই-নথি কার্যক্রম আরো বাড়াতে হবে। যে সকল কাজ ই-নথির মাধ্যমে নিষ্পন্ন করা সম্ভব নয় সেগুলো হার্ড কপির মাধ্যমে নিষ্পন্ন করে কাগজের খরচ কমানো জন্য অনানুষ্ঠানিক পত্রের মাধ্যমে ই-নথিতে জারি করা এবং সকল বিভাগ/অনুবিভাগ/ অধিশাখায়/শাখায় অনিষ্পন্ন ডাক রয়েছে সেগুলো দ্রুত নিষ্পন্ন করতে হবে। খ) Bandwidth Manager এর মাধ্যমে ইন্টারনেট Bandwidth পলিসি অনুসারে সরবরাহ করা হচ্ছে মর্মে আলোচনা হয়।	ক) ই-নথির মাধ্যমে পত্র জারির সংখ্যা আরো বাড়াতে হবে। হার্ড কপির মাধ্যমে নিষ্পন্ন দাপ্তরিক সম্পাদিত কাজ অনানুষ্ঠানিক পত্রের মাধ্যমে ই-নথিতে জারি করতে হবে। ই-নথিতে ই-মেইলের অপসন ব্যবহার করে পত্র জারি বাড়াতে হবে। বাস্তবায়নে: পরিচালক (টিওটি)/সহকারী প্রোগ্রামার-৪ এবং সকল শাখা প্রধান খ) Bandwidth Manager –এর মাধ্যমে ইন্টারনেট সরবরাহ নির্ধারণপূর্বক বিদ্যমান সমস্যাসমূহ ঠিক করে ইন্টারনেট এর গতি বাড়াতে হবে। বাস্তবায়নে: সিস্টেমস্ এনালিষ্ট (অ: দা:)

		গ) ভিডিও কনফারেন্স সিস্টেম ক্রয়ের লক্ষ্যে NOA প্রদান করা হয়েছে। আগামী সমন্বয় সভার পূর্বেই স্থাপন করে পরীক্ষামূলকভাবে আরপিএটিসি'র সাথে ভিডিও কনফারেন্স করার বিষয়ে আলোচনা হয়।	গ) আগামী সমন্বয় সভার পূর্বেই ভিডিও কনফারেন্স সিস্টেম স্থাপন করতে হবে এবং আগামী প্রশাসনিক সমন্বয় সভায় আরপিএটিসিসমূকে ভিডিও কনফারেন্স সিস্টেম-এ কানেকটেড করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (আরএন্ডসি) এবং সিস্টেমস্ এনালিষ্ট (অ: দা:)
৭	কেন্দ্রের সকল ক্রয় কার্যক্রম e-GP পদ্ধতিতে সম্পন্ন করা	বর্তমানে কেন্দ্রের ৫৫% ক্রয় কার্যক্রম ই-জিপির মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। তবে এটি আরো বৃদ্ধি করার বিষয়ে আলোচনা হয়	e-GP'র মাধ্যমে ক্রয় কার্যক্রম আরো বাড়াতে হবে এবং জুন মাসের পূর্বেই কেন্দ্রের যাবতীয় ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (সেবা)
৮	ওয়েবসাইট আপডেটকরণ	ক) কেন্দ্রের ওয়েবসাইট প্রতিনিয়ত পর্যবেক্ষণ এবং Completed Event হালনাগাদ করা হচ্ছে। খ) Important News Tab-এ International Symposium, Conference Tab-এ Detailed Page/Document হালনাগাদসহ তথ্য/খবর প্রকাশ করা হচ্ছে। এসকল কর্যক্রম অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	ক) কেন্দ্রের ওয়েবসাইট প্রতিনিয়ত পর্যবেক্ষণ এবং Completed Event হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। খ) বিপিএটিসি ওয়েবসাইটে Important News Tab-এ International Symposium, Conference Tab –এ Detailed Page/Document হালনাগাদসহ প্রয়োজনীয় তথ্য/খবর প্রকাশ করতে হবে। বাস্তবায়নে: প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার-৪
৯	আরপিএটিসিসমূহের পুরাতন মাইক্রোবাস প্রতিস্থাপন	ক) আগামী সপ্তাহের মধ্যে রাজশাহী আরপিএটিসি'র মাইক্রোবাস প্রতিস্থাপনের কার্যাদেশ দেয়ার বিষয় আলোচনা হয়। খ) খুলনা ও চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রের গাড়ি প্রতিস্থাপনের বিষয়ে মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া যায়নি। অনুমোদন পাওয়া সাপেক্ষে দ্রুত দরপত্র আহবান করতে বলা হয়।	ক) আগামী সপ্তাহের মধ্যে আরপিএটিসি রাজশাহী'র মাইক্রোবাস প্রতিস্থাপনের কার্যাদেশ প্রদান করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) খ) খুলনা ও চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রের গাড়ি প্রতিস্থাপনের জন্য দ্রুত মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করে দরপত্র আহবান করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)